

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৫৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫. প্রথম অনুচ্ছেদ - বিতরের সালাত

بَابُ الْوِتْرِ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «بَادرُوا الصَّبْح بالوتر». وَرَاه مُسلم

বাংলা

১২৫৯-[৬] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে এ হাদীসটিও বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ তোমরা (ভোরের লক্ষণ ফুটে উঠার আগে) বিতরের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে দ্রুত করো। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৭৫০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উপরোক্ত হাদীসটি ফাজ্রের (ফজরের) পূর্বে বিতর আদায় করার উপরে দলীল। যখন ফাজর (ফজর) উদয় হবে তখন বিতরের সময় শেষ হয়ে যাবে। অবশ্য উক্ত হাদীস দ্বারা (হানাফীগণ) বিতর ওয়াজিব হওয়ার ব্যাপারে দলীল গ্রহণ করেছেন। মুল্লা 'আলী কারী (রহঃ) তাঁর ব্যাখ্যা গ্রন্থে (মিরকাতে) বলেছেন, ফাজ্রের (ফজরের) পূর্বেই বিতর দ্রুত আদায় করে নাও। তিনি বলেন যে, এখানে أُولِ আমাদের নিকট (হানাফীদের নিকট) বা আবশ্যকতার জন্য। তার জবাবে বলা যায় যে, উক্ত হাদীসটি ফাজ্র (ফজর) উদয় হওয়ার পূর্বেই বিতর সালাত আদায় করা আবশ্যক হওয়া প্রমাণ করে, কিন্তু বিতর (মৌলিকভাবে) ওয়াজিব হওয়ার উপর প্রমাণ বহন করবে না। মূল উদ্দেশ্য এটাই অন্য কিছু নয়। অতএব উক্ত হাদীস দ্বারা বিতর সালাত (সালাত/নামায/নামাজ) ওয়াজিব হওয়ার ব্যাপারে দলীল গ্রহণ করা গ্রহণযোগ্য নয়।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন